

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৯৫

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. দু 'ঈদের সালাত - ঈদের সালাতে তাকবীর ও তার সংখ্যা

আরবী

وَعَنْ عَمْرِوِ بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ: قَالَ نَبِيُّ اللَّهِ _ صلى الله عليه وسلم: «التَّكْبِيرُ فِي الْفِطْرِ سَبْعٌ فِي الْأُولَى وَخَمْسٌ فِي الْآخِرَةِ, وَالْقِرَاءَةُ بَعْدَهُمَا كِلْتَيْهِمَا». أَخْرَجَهُ أَبُو دَاوُدَ وَالْقِرَاءَةُ بَعْدَهُمُ عَنِ الْبُخَارِيِّ تَصِيْحِيحَهُ وَنَقَلَ التِّرْمِذِيُّ عَنِ الْبُخَارِيِّ تَصِيْحِيحَهُ

صحيح. رواه أبو داود (1151) وهو وإن كان في سنده ضعف، فإن له شواهد يصح بها، وقد ذكرتها بالأصل

বাংলা

৪৯৫. 'আমর বিন শুয়াইব হতে বর্ণিত। তিনি তাঁর পিতা থেকে তিনি তাঁর দাদা হতে বর্ণনা। করেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'ঈদুল ফিতর-এর সালাতে অতিরিক্ত তাকবীর হচ্ছে প্রথম রাকাআতে সাত ও পরবর্তী রাকাআতে পাঁচ আর কিরাআত পাঠ উভয় ক্ষেত্রেই তাকবীরের পর। —আবূ দাউদ[1] তিরমিযী হাদীসটি বুখারী থেকে নকল করেছেন, বুখারী হাদীসটিকে সহীহ বলেছেন।[2]

ফুটনোট

[1] হাদীসটি সহীহ। আবূ দাউদ তা বর্ণনা করেছেন। যদিও হাদীসটির মধ্যে দুর্বলতা রয়েছে, তবুও এর শাহেদ হাদীস থাকার কারণে তা সহীহ।



[2] আবূ দাউদ ১১৫১, ১১৫২, ইবনু মাজাহ ১২৭৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন